

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া

বিজ্ঞপ্তি

- একাডেমী ক্যাম্পাসে বসবাসরত সকলের সুবিধার্থে পূর্বে জারীকৃত বিজ্ঞপ্তি অনুসারে সমবায় বিপনী-১ ও এপিএম ইউনিটের মাধ্যমে শাক-সজ্জি, মাছ-মাংস সরবরাহ করার ব্যবস্থা রয়েছে। যেহেতু, বাইরে থেকে সরবরাহকৃত কাঁচা শাক-সজ্জি, মাছ-মাংস'র মাধ্যমে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের সম্ভাবনা রয়েছে তাই সমবায় বিপনী-১ ও এপিএম ইউনিটের মাধ্যমে অর্ডারকৃত শাক-সজ্জি, মাছ-মাংসসহ সকল প্রকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী বিশেষ ব্যবস্থায় জীবানুমুক্ত করে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- তবে অত্যন্ত উদ্বেগের সাথে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, ক্যাম্পাসে বসবাসরত অনেকেই সমবায় বিপনী-১ ও এপিএম ইউনিটের মাধ্যমে শাক-সজ্জি, মাছ-মাংস সরবরাহ না নিয়ে স্কুল গেট সংলগ্ন প্রাচীরের উপর দিয়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরাসরি আদান-প্রদান করছেন, যা করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণে অত্যন্ত ঝুঁকিপূর্ণ। একাডেমী ক্যাম্পাসে বসবাসরত প্রতিটি পরিবারের সার্বিক নিরাপত্তা বিধানে ও করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে প্রাচীরের উপর দিয়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরাসরি আদান-প্রদান কর্মকান্ড থেকে নিজেদের বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ এড়াতে সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যাপারে সরকারি নির্দেশনা রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক দূরত্ব বজায় রাখার সরকারি নির্দেশনা অমান্য করে একাডেমী ক্যাম্পাসের বিভিন্ন স্থানে লোকসমাগম হচ্ছে। বাচ্চাদের মাঠে খেলাধুলা, কিশোর বয়সীদের একসাথে বসে আড্ডা দেয়া ও ঘোরাফেরা এবং কর্মকর্তা/কর্মচারীদের একস্থানে জমায়েত হওয়ার ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যাপারে সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

[জরুরি প্রয়োজন ব্যতিত ঘরে অবস্থান করুন, সুস্থ থাকুন]